

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
শাখা-১৪

নং-শিম/শাঃ১৪/৮ বেঃবিঃ- ৫/২০০২/ ২৮০


তারিখ : ৬/৮/২০০২

বিষয়ঃ প্রস্তাবিত ইবাইস ইউনিভার্সিটির স্থাপন ও পরিচালনার অনুমতি প্রসংগে।

উপরিউক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাইতেছে যে, বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২ এবং উক্ত আইনের সংশোধিত আইন, ১৯৯৮ এর আওতায় নিম্নবর্ণিত শর্তে আদেশ জারীর তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসরের জন্য ইবাইস ইউনিভার্সিটি-এর স্থাপন ও পরিচালনার সাময়িক অনুমতি প্রদান করিতে সরকার সম্মত হইয়াছে :

শর্তসমূহ :

- (ক) প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়টি বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২ এবং সংশোধিত আইন, ১৯৯৮ এ বর্ণিত সকল শর্ত মানিয়া চলিতে হইবে ;
  - (খ) শিক্ষা মন্ত্রণালয়ের ২২/৮/২০০১ তারিখের শিম/শাঃ ১৪/৮ বেঃ বি-২/২০০০/৪৮৪ নং স্বারকে উল্লেখিত শর্তাদি প্রতিপালন করিয়া চলিতে হইবে ;
  - (গ) এই আদেশ জারীর তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসরের মধ্যে নিজস্ব অনুন ৫ একর ভূমি ও পর্যাপ্ত অবকাঠামোর মধ্যে বিশ্ববিদ্যালয়টি স্থায়ীভাবে স্থানান্তর/স্থাপন করিতে হইবে ;
  - (ঘ) বিশ্ববিদ্যালয়ের সংরক্ষিত তহবিলে জমাকৃত ৫ (পাঁচ) কোটি টাকা বা উহার কোন অংশ সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে উত্তোলন করা যাইবে না ;
  - (ঙ) শিক্ষা কার্যক্রম শুরু করার পূর্বে কমিশন কর্তৃক নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে প্রতি বিভাগের জন্য অন্ততঃ একজন অধ্যাপকসহ তিনজন পূর্ণকালীন শিক্ষক নিয়োগ করিতে হইবে।
- ২। উপরিউক্ত শর্তসমূহ ইবাইস ইউনিভার্সিটি-এর কর্তৃপক্ষ নোটারী পাবলিকের মাধ্যমে সম্পাদিত দেড়শত টাকার স্ট্যাম্প একটি অঙ্গীকার নামা সরকারের বরাবরে দাখিল করিবে, যাহাতে উল্লেখ থাকিবে যে, ৫ (পাঁচ) বৎসরের মধ্যে নিজস্ব ভূমি ও পর্যাপ্ত অবকাঠামোতে বিশ্ববিদ্যালয়টি স্থানান্তরের শর্ত পূরণ না হইলে সাময়িক অনুমতি বাতিল হইয়া যাইবে। এই শর্তটি ইবাইস ইউনিভার্সিটি -এর কর্তৃপক্ষ সকল অভিভাবক ও ছাত্র/ছাত্রীকে জানাইতে বাধ্য থাকিবে।
- ৩। জমি সংক্রান্ত উপরিউক্ত অঙ্গীকার পালন না হইলে সাময়িক অনুমতি বাতিল বলিয়া গণ্য হইবে।
- ৪। বর্ণিত অবস্থায় উল্লিখিত বিষয়ের উপর ইবাইস ইউনিভার্সিটি কর্তৃপক্ষ একটি অঙ্গীকার নামা সরকারের বরাবরে দাখিল করিবে। গ্রহণযোগ্য অঙ্গীকারনামা দাখিল করিবার পর নিয়মিত অনুমোদন প্রদানের ব্যবস্থা করা হইবে।

  
(খ.ম. কবিরুল ইসলাম)  
সিনিয়র সহকারী সচিব

তারিখ : ৬/৮/২০০২

জনাব জাকারিয়া লিংকন,  
উদ্যোক্তা

বাড়ী নং ৫, সড়ক নং ১৬ (পুরাতন -২৭)

ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৯

নং-শিম/শাঃ১৪/৮ বেঃবিঃ- ৫/২০০২/

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

- ১। সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

(খ.ম. কবিরুল ইসলাম)  
সিনিয়র সহকারী সচিব